



যুগান্তর, ১১-০৫-২০২২, পৃষ্ঠা- ০২



ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ২১তম সমাবর্তনে মঙ্গলবার বক্তৃতা করছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি

## ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ২১তম সমাবর্তন শিক্ষা খাত ঢেলে সাজানোর ঘোষণা শিক্ষামন্ত্রীর

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের ২১তম সমাবর্তন মঙ্গলবার রাজধানীর আফতাবনগরে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। সমাবর্তনে রাষ্ট্রপতির প্রতিনিধি হিসাবে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি শিক্ষার্থীদের ডিগ্রি দেন। এ সমাবর্তনে আন্ডার গ্র্যাজুয়েট ও গ্র্যাজুয়েট প্রোগ্রামের ১৬৯৩ জন শিক্ষার্থীকে সনদ দেওয়া হয়। এছাড়া অনন্য মেধাবী দুই শিক্ষার্থীকে দেওয়া হয় স্বর্ণপদক। সমাবর্তন অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি বলেন, চলমান পৃথিবীর সঙ্গে তাল মেলানোর পাশাপাশি আগামী দিনের উপযোগী দক্ষ মানবসম্পদ সৃষ্টিতে শিক্ষা খাতকে নতুন করে সাজানো হচ্ছে এবং এই মাস্টারপ্লানে ই-লার্নিংয়ের ওপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), অধ্যাপক ড. দিল আফরোজা বেগম। সমাবর্তন বক্তা ছিলেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য, এমিরেটাস অধ্যাপক ড. এমএ সাত্তার মন্ডল। বক্তৃতা করেন—ইস্ট ওয়েস্ট ট্রাস্টি বোর্ডের ভারপ্রাপ্ত চেয়ারপারসন ও বাংলাদেশ ব্যাংকের সাবেক গভর্নর, অধ্যাপক ড. মোহাম্মদ ফরাসউদ্দিন এবং বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, অধ্যাপক ড. এমএম শহিদুল হাসান। সংবাদ বিজ্ঞপ্তি।